গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগাছা, রংপুর
www.pirgacha.rangpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৮৫৭৩.০০০.০০০.১০.০০০১.২৬- ২৫৭ তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ / ০৯ মার্চ ২০২৬

# বিজ্ঞপ্তি নং ০২/২০২৬

বিষয়: **১৪৩৩ বাংলা সনের জন্য সরকারি হাট ও বাজার ইজারার দরপত্র আহবান প্রসঙ্গে।**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৬ অক্টোবর ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ মোতাবেক রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন নিম্নবর্ণিত হাট ও বাজারসমূহ আগামী ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের জন্য আরোপিত শর্তসাপেক্ষে ইচ্ছুক দরদাতাগণের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উল্লেখিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ফরম সংগ্রহ করা যাবে। নিম্নে উল্লেখিত দরপত্র দাখিলের দিন সকাল ০৯.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত নিম্নবর্ণিত অফিসসমূহে রক্ষিত দরপত্র বাক্সে জমা প্রদান করা যাবে। ওই দিন বিকাল ৩.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। সরকারি কাঙ্ক্ষিত ইজারা মূল্যের নিম্নে কোনো দর কিংবা নীতিমালা মোতাবেক কাঙ্ক্ষিত দর পাওয়া না গেলে তফসিলে বর্ণিত তারিখসমূহে পর্যায়ক্রমে ক্যালেন্ডার এবং উল্লেখিত স্থান ও সময় অনুযায়ী ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে। দরপত্র দাখিলের তারিখে কাঙ্ক্ষিত ইজারা মূল্য পাওয়া গেলে পরবর্তী তারিখে সেই হাট ও বাজারের দরপত্র বিক্রয় করা হবে না। হাট ও বাজার ইজারার দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। ইজারা বিজ্ঞপ্তি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগাছা, রংপুর এর ওয়েবসাইট www.pirgacha.rangpur.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

সিডিউল প্রাপ্তির স্থান/অফিসসমূহ:

(১) জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর, (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগাছা, রংপুর, (৩) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, পীরগাছা, রংপুর, (৪) পীরগাছা থানা, পীরগাছা, রংপুর এবং (৫) সোনালী ব্যাংক পিএলসি, পীরগাছা শাখা, রংপুর।

সিডিউল ড্রপের স্থান/অফিসসমূহ:

(১) জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর, (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগাছা, রংপুর এবং (৩) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, পীরগাছা, রংপুর।

## রংপুর জেলার পীরগাছা উপজেলার ১৪৩৩ বাংলা সনের হাট ও বাজার ইজারা প্রদানের ক্যালেন্ডার:

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | হাট ও বাজারের নাম | ১৪৩৩ বাংলা সনের সরকারি সম্ভাব্য ইজারা মূল্য | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | পর্যায়ক্রমে সিডিউল বিক্রয়ের তারিখ (অফিস চলাকালীন সময়) | পর্যায়ক্রমে দরপত্র দাখিলের তারিখ (সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | পারুল | দেউতি | ৩৬,৮৭,১১৬/- | ৮,০০০/- | ২য় বার ১৫/০৩/২০২৬ খ্রি. ০১ চৈত্র ১৪৩২<br>৩য় বার ৩১/০৩/২০২৬ খ্রি. ১৭ চৈত্র ১৪৩২ | ২য় বার ১৬/০৩/২০২৬ খ্রি. ০২ চৈত্র ১৪৩২<br>৩য় বার ০১/০৪/২০২৬ খ্রি. ১৮ চৈত্র ১৪৩২ | কোনবার (দফায়) যে কোন হাট ও বাজারের দাখিলকৃত দরপত্র গৃহীত হলে পরবর্তী বার (দফায়) ঐ হাট-বাজারের দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। |
| ২ | ইটাকুমারী | ইটাকুমারী | - | ৫০০/- | | | |
| ৩ | তাম্বুলপুর | নেকমামুদ | ১,৩২,০০০/- | ১,০০০/- | | | |

CamScanner

## ১৪৩৩ বাংলা সনের হাট বাজার ইজারার শর্তাবলী

১) ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদকালের জন্য হাট ও বাজারের ইজারা দেয়া হবে।

২) দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফশিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। জামানতের টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট ও বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে এ সংক্রান্ত ব্যয় মিটানো হবে। মেয়াদ সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩) প্রাপ্ত দরপত্রসমূহের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট ও বাজারের সরকারি মূল্যের চেয়ে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৪) যার দরপত্র গৃহীত হবে তিনি সংবাদ অবহিত হবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৮০% অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) পীরগাছা শাখার ০২০০০০৫৮৫৭৮৪৪ নং চলতি হিসাব নম্বরে জমা করে জমার রশিদ (মূলকপি) অত্রাফিসে দাখিল করবেন। দাখিলকৃত দরের উপর ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) জমা করতঃ চালানের মূল কপি (সিটিআরসহ) অত্রাফিসে জমা করতে হবে এবং ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদন ব্যতীত হাটের দখল বুঝে দেয়া হবে না এবং দখল বুঝে না দেয়া পর্যন্ত ইজারাদার হাটে টোল আদায় করতে পারবেন না।

৫) ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানতের অর্থ বিধি মোতাবেক বাজেয়াপ্ত করা হবে।

৬) ইজারার অন্যান্য শর্তসমূহ দরপত্রের (সিডিউলের)সাথে সংযুক্ত বিজ্ঞপ্তিতে বিস্তারিতভাবে উল্লেখ রয়েছে এবং বিস্তারিত জানতে লগইন করুন www.pirgacha.rangpur.gov.bd ওয়েবসাইটে।

৭) এক হাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য কোন হাটের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র/সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা।

৮) খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৯) সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট ও বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

১০) প্রত্যেক হাটের জন্য পৃথক-পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১১) ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত হাট ও বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন ঘটনা পরিলক্ষিত হয় অথবা চুক্তি শর্ত লঙ্ঘন করা হয় তাহলে ইজারা বাতিল করা হবে।

১২) দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩) ইজারাদার নিজ খরচে হাট ও বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৪) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৫) কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৬) নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট ও বাজারের ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭) হাট ও বাজার ইজারার অনাদায়ী টাকা The Public Demand Recovery Act, 1913 অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৮) দরপত্র সংক্রান্ত কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে নীতিমালার আলোকে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২০) সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ যে কোন সময় হাট ও বাজার পরিদর্শন করতে পারবেন।

২১) চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

২২) হাট ও বাজার ইজারা সংক্রান্ত ভবিষ্যতে সরকার কর্তৃক জারিকৃত নীতিমালা/আদেশ/পরিপত্র এর সকল শর্ত ইজারার শর্ত হিসেবে গণ্য হবে।

০৯/০৩/২৬

দেবাশীষ বসাক
উপজেলা নির্বাহী অফিসার
পীরগাছা, রংপুর
ফোন: ০২৫৮৯-৯৭৬৯০১
ইমেইল- unopirgacha@mopa.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশসরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগাছা, রংপুর
www.pirgacha.rangpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৮৫৭৩.০০০.০০০.১০.০০০১.২৬- ২৫২ (১২০)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ / ০৯ মার্চ ২০২৬

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০২। জেলা প্রশাসক, রংপুর।
০৩। পুলিশ সুপার, রংপুর।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, রংপুর। তাঁকে নির্ধারিত তারিখে দরপত্র বাক্স স্থাপনসহ সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিশেষভাবে অনুরোধ করা হলো।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি/মানবসম্পদ উন্নয়ন), রংপুর।
০৭। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর।
০৮। প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
০৯। উপজেলা নির্বাহী অফিসার ............................. (সকল), রংপুর।
১০। সহকারী কমিশনার (ভূমি), পীরগাছা, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে ঝুলিয়ে এবং হাট-বাজারে ঢোল শহরত এবং মাইকিংয়ের মাধ্যমে ব্যাপক প্রচারসহ নির্ধারিত তারিখে দরপত্র বাক্স স্থাপনসহ সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। উপজেলা.................................... কর্মকর্তা, পীরগাছা, রংপুর। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২। অফিসার ইনচার্জ, পীরগাছা/মাহিগঞ্জ থানা, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারসহ নির্ধারিত তারিখে দরপত্র বাক্স স্থাপনসহ সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, পীরগাছা শাখা, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারসহ নির্ধারিত তারিখে দরপত্র বাক্স স্থাপনসহ সিডিউল বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪। চেয়ারম্যান/প্রশাসক, ............................... (সকল) ইউপি, পীরগাছা, রংপুর। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে এবং হাট-বাজারে ঢোল শহরত ও মাইকিংয়ের মাধ্যমে ব্যাপক প্রচারান্তে নির্ধারিত তারিখের পূর্বে প্রচারের প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ........................... ইউনিয়ন ভূমি অফিস, পীরগাছা, রংপুর। উল্লিখিত বিজ্ঞপ্তিটি স্থানীয় সকল হাট-বাজারে ঢোল শহরত/মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারান্তে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে জারীর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৬। সম্পাদক, ................................................ পত্রিকা। তাকে বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে (৪ কলামে ১৪˝ ইঞ্চি) ০১ (এক) দিনের সংখ্যায় প্রকাশ করে ০৩ কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। (উল্লেখ্য, নির্ধারিত সাইজের অতিরিক্ত আকারে বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে অতিরিক্ত বিল কোন ভাবেই প্রদান করা হবে না).
১৭। প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগাছা, রংপুর। তাকে ওয়েব পোর্টালে বিজ্ঞপ্তিটি আপলোডের জন্য অনুরোধ করা হলো।
১৮। জনাব .........................................., ইজারাদার ................................................হাট ও বাজার, পীরগাছা, রংপুর।
১৯। নোটিশ বোর্ড।
২০। অফিস কপি।

০৯/০৩/২৬

দেবাশীষ বসাক
উপজেলা নির্বাহী অফিসার
পীরগাছা, রংপুর
ফোন: ০২৫৮৯-৯৭৬৯০১
ইমেইল- unopirgacha@mopa.gov.bd

CamScanner